

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২১৫

(কتاب تفسیر القرآن عن رسول الله ﷺ) কুরআন তাফসীর

পরিচ্ছেদঃ সূরা আহযাব

بَابُ: وَمِنْ سُورَةِ الْأَحْزَابِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا رَوْحٌ، عَنْ عَبْدِ الْحَمِيدِ بْنِ بَهْرَامٍ، عَنْ شَهْرِ بْنِ حَوْشَبٍ، قَالَ قَالَ ابْنُ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا نُهِيَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ أَصْنَافِ النِّسَاءِ إِلَّا مَا كَانَ مِنَ الْمُؤْمِنَاتِ الْمُهَاجِرَاتِ قَالَ : (لَا يَحِلُّ لَكَ النِّسَاءُ مِنْ بَعْدُ وَلَا أَنْ تَبْدَلَ بِهِنَّ مِنْ أَزْوَاجٍ وَلَوْ أَعْجَبَكَ حُسْنُهُنَّ إِلَّا مَا مَلَكَتْ يَمِينُكَ) فَأَحَلَّ اللَّهُ فَتَيَاتِكُمُ الْمُؤْمِنَاتِ وَامْرَأَةً مُؤْمِنَةً إِنْ وَهَبَتْ نَفْسَهَا لِلنَّبِيِّ وَحَرَّمَ كُلَّ ذَاتِ دِينٍ غَيْرِ الْإِسْلَامِ ثُمَّ قَالَ : (وَمَنْ يَكْفُرْ بِالْإِيمَانِ فَقَدْ حَبِطَ عَمَلُهُ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ) وَقَالَ : (يَا أَيُّهَا النَّبِيُّ إِنَّا أَحْلَلْنَا لَكَ أَزْوَاجَكَ اللَّاتِي آتَيْتَ أَجُورَهُنَّ وَمَا مَلَكَتْ يَمِينُكَ مِمَّا أَفَاءَ اللَّهُ عَلَيْكَ) إِلَى قَوْلِهِ : (خَالِصَةً لَكَ مِنْ دُونِ الْمُؤْمِنِينَ) وَحَرَّمَ مَا سِوَى ذَلِكَ مِنْ أَصْنَافِ النِّسَاءِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ إِنَّمَا نَعْرِفُهُ مِنْ حَدِيثِ عَبْدِ الْحَمِيدِ بْنِ بَهْرَامٍ . قَالَ سَمِعْتُ أَحْمَدَ بْنَ الْحَسَنِ يَقُولُ قَالَ أَحْمَدُ بْنُ حَنْبَلٍ لَا بَأْسَ بِحَدِيثِ عَبْدِ الْحَمِيدِ بْنِ بَهْرَامٍ عَنْ شَهْرِ بْنِ حَوْشَبٍ .

বাংলা

৩২১৫. আবদ (রহঃ) ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, মুহাজির মুমিন মাহিলা ছাড়া সব ধরনের মহিলার বিবাহ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য নিষিদ্ধ করে দেওয়া হয়। আল্লাহ তা'আলা ইরশাদ করেনঃ

لَا يَحِلُّ لَكَ النِّسَاءُ مِنْ بَعْدُ وَلَا أَنْ تَبْدَلَ بِهِنَّ مِنْ أَزْوَاجٍ وَلَوْ أَعْجَبَكَ حُسْنُهُنَّ إِلَّا مَا مَلَكَتْ يَمِينُكَ

এরপর আপনার জন্য কোন নারী বৈধ নয় এবং বর্তমান স্ত্রীগণের পরিবর্তে অন্য স্ত্রী গ্রহণও বৈধ নয় যদিও তাদের সৌন্দর্য আপনাকে বিস্মিত করে তবে আপনার অধিকারভুক্ত দাসীগণের ব্যাপারে এই বিধান প্রযোজ্য নয়। (সূরা

আহযাব ৩৩ঃ ৫২)

এখানে আল্লাহ তা'আলা অধিকার ভুক্ত মু'মিন নবীদের বৈধ রেখেছেন। অন্যত্র ইরশাদ করেনঃ

وَمَنْ يَكْفُرْ بِالْإِيمَانِ فَقَدْ حَبِطَ عَمَلُهُ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ

যে কেউ ঈমান প্রত্যাখ্যান করবে তার কর্ম নিষ্ফল হবে। (সূরা মাইদা ৫ঃ ৫)

কোন মু'মিন নারী নবীর নিকট নিজেকে নিবেদন করলে এবং নবী তাকে বিবাহ করতে চাইলে সেও বৈধ (সূরা আহযাব ৩৩ঃ ৫২) ইসলাম দ্বীন অবস্থনকারীণী মহিলা ছাড়া তার জন্য বাকী সব মহিলা অবৈধ হল। তিনি আরো ইরশাদ করেনঃ

يَا أَيُّهَا النَّبِيُّ إِنَّا أَحْلَلْنَا لَكَ أَزْوَاجَكَ اللَّاتِي آتَيْتَ أَجُورَهُنَّ وَمَا مَلَكَتْ يَمِينُكَ مِمَّا أَفَاءَ اللَّهُ عَلَيْكَ

হে নবী, আমি আপনার জন্য বৈধ করেছি আপনার স্ত্রীগণকে যাদের মহর আপনি প্রদান করেছেন এবং বৈধ করেছি ফায় হিসাবে আল্লাহ আপনাকে যা দান করেছেন তা থেকে যারা আপনার মালিকানাধীন হয়েছে তাদের, বিবাহের জন্য বৈধ করেছি আপনার চাচার কন্যা, ফুফুর কন্যা, মামার কন্যা ও খালার কন্যাকে যারা আপনার সঙ্গে হিজরত করেছে। কোন মু'মিন নারী নবীর নিকট নিজেকে নিবেদন করলে এবং নবী তাকে বিবাহ করতে চাইলে সে-ও বৈধ। এ বিধান বিশেষ করে আপনার জন্যই। অন্য মু'মিনদের জন্য নয়। (সূরা আহযাব ৩৩ঃ ৫০)

আরো ইরশাদ করেনঃ (خَالِصَةً لَّكَ مِنَ دُونِ الْمُؤْمِنِينَ إِلَى قَوْلِهِ) : সুতরাং এ ছাড়া অন্য সব নারীর বিবাহ তাঁর জন্য হারাম করে দেওয়া হয়।

হাদীসটি হাসান। আবদুল হামীদ ইবন বাহরামের রিওয়ায়ত হিসাবেই এটিকে আমরা চিনি। আহমাদ ইবন হাসান (রহঃ)-কে আহমাদ ইবন হাম্বল (রহঃ)-এর বরাতে উল্লেখ করতে শুনেছি যে, তিনি বলেছেনঃ শাহর ইবন হাওশাব (রহঃ) থেকে আবদুল হামীদ ইবন বাহরামের রিওয়ায়তে কোন অসুবিধা নেই।

যঈফ, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২১৫ [আল মাদানী প্রকাশনী]

English

Narrated Ibn 'Abbas:

"All types of women were prohibited for the Messenger of ALLah (ﷺ) except for the believing women among those who emigrated. (Allah) said: 'It is not lawful for you (to marry other) women after this, nor to change them for other wives even though their beauty attracts you, except those whom your right hand possesses (33:52). - And Allah made your believing girls lawful 'And a believing woman if she offers herself to the Prophet (33:50)' and He

made every woman of a religion other than Islam unlawful." Then He said: "And whoever disbelieves in faith then fruitless is his work; and in the Hereafter he will be among the losers (5:5)." And he said: "Verily We have made lawful to you your wives, to whom you have paid their due, and those whom your right hands possess - whom Allah has given you" up to His saying: "A privilege to only you, not for the (rest of) the believers (33:50)." He made the other types of women unlawful."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38567>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন